গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৬.০১০.১৯-১০৩১

তারিখ: ১৪ পৌষ ১৪২৭।
২৯ ডিসেম্বর ২০২০।

বিষয়: রিট পিটিশন নং-১৬৬৬৩/২০১৭- এ প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংখ্যা-০৪.০০.০০০০.১১১.০৪.১৩৫.১৭.৯৬, তারিখ: ২১ ডিসেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ভাষণকে World register of UNESCO- তে অন্তর্ভুক্তির নিমিত্ত গত ২৪ অক্টোবর ২০১৭ তারিখে প্যারিসে অনুষ্ঠিত International Advisory Committee (IAC) of the Memory of the World Program UNESCO এর ১৩তম সভার সুপারিশ মতে সোহরাওয়ার্দী উদ্যানে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ ই মার্চের ভাষণ প্রদান সংক্রান্ত স্ট্যাচু (a statue of delivering speech of 7th March in Sohrawardi Uddyan) নির্মাণ এবং মুজিব বর্ষ, ২০২০ উদযাপন উপলক্ষ্যে দেশের প্রতিটি উপজেলা ও জেলা হেডকোয়ার্টারের সম্মুখে জাতির জনকের ম্যুরাল স্থাপনের নির্দেশনা সংক্রান্ত রিট পিটিশন নং ১৬৬৬৩/২০১৭ দায়ের করা হয়।

উক্ত রিটের আদেশের প্রেক্ষিতে বর্ণিত স্ট্যাচু ও ম্যুরাল স্থাপনের অগ্রগতি প্রতিবেদন আগামী ৩০/১২/২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের গত ০২ ফ্রেব্রুয়ারি ২০২০ তারিখের ১৭৬ নং স্মারকে উপজেলা পরিষদের অভ্যন্তরে সুবিধাজনক স্থানে বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণের নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, তার জেলাধীন উপজেলা পরিষদসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য/ম্যুরাল নির্মাণ করা হয়েছে কিনা এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন (ছবিসহ) আগামী ৩০ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত বা ই-মেইলযোগে (E-mail: lgdupazila1@lgd.gov.bd /uz1lgd@gmail.com) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরি।

২৯/১২/২০২০
মমতাজ বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)

.....জেলা।

অনুলিপি:

১। বিভাগীয় কমিশনার (সকল)---------- বিভাগ।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান (সকল), ---------- উপজেলা পরিষদ,----------জেলা।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা.....জেলা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব (উপজেলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।